



মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
গুলফেশী প্লাজা (৭ম তলা)
৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক
বড় মগবাজার, রমনা
ঢাকা-১২১৭।

এমআরএ/সার্কুলার লেটার নং-৫২

তারিখ: ১৫ মাঘ ১৪২৬
২৯ জানুয়ারী ২০২০

প্রধান নির্বাহী কর্মকর্তা
সকল সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান

বিষয়ঃ- সাধারণ খতিয়ান (General Ledger) ও ক্যাশবুক এর হার্ড কপি সংরক্ষণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি বিধিমালা, ২০১০ এর বিধি ৩৬(২) ও বিধি ৪১ অনুযায়ী প্রতিটি ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানকে সাধারণ খতিয়ান ও ক্যাশবুকসহ বিভিন্ন রেজিস্টার হালনাগাদকরণপূর্বক সংরক্ষণ করতে হয়। অথরিটির পরিদর্শকগণ বর্ণিত বিধান পরিপালনের বিষয়টি নিশ্চিত করতে উক্ত রেজিস্টারসমূহ যাচাই বাছাই করে থাকে। কিন্তু বর্তমানে অনেক ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের কার্যক্রম সফটওয়্যারভিত্তিক হওয়ায় কাঙ্ক্ষিত সময়ের মধ্যে সফট কপি হতে কিংবা তাৎক্ষণিকভাবে হার্ড কপি নিয়ে উক্ত তথ্যাদি ধারাবাহিকভাবে যাচাই-বাছাই করা কষ্ট সাধ্য হয়ে পড়ে। ফলে পরিদর্শন কাজ সহজীকরণের লক্ষ্যে প্রতিষ্ঠানের সাধারণ খতিয়ান ও ক্যাশবুক এর অর্থ বছর ভিত্তিক হার্ড কপি সংরক্ষণ করা প্রয়োজন।

বর্ণিত অবস্থায়, সনদপ্রাপ্ত সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানকে প্রতি অর্থ বছরের সাধারণ খতিয়ান (General Ledger) ও ক্যাশবুক এর হার্ড কপি সংরক্ষণের জন্য অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ ইয়াকুব হোসেন)

পরিচালক

ফোনঃ ৪৮ ৩১ ৫৭ ১৫